



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব জয়ন্ত কুমার বিশ্বাস-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাড়ুকদিয়া উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব জয়ন্ত কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব জয়ন্ত কুমার বিশ্বাস-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে অভিযোগনামা- অর্থ আত্মসাত, দুর্নীতি, অনিয়ম, অসদাচরণ, দায়িত্ব অবহেলা ইত্যাদি কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগসমূহ এবং দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব জয়ন্ত কুমার বিশ্বাস-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
সাড়ুকদিয়া উচ্চ বিদ্যালয়
পোঃ- গৌড়দিয়া, উপজেলা- সালথা
জেলা- ফরিদপুর।

মেমো নং- ১১১৬ (১১)

তারিখ : ২২/১৫/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাড়ুকদিয়া উচ্চ বিদ্যালয়।
- ৮। জয়ন্ত কুমার বিশ্বাস, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সাড়ুকদিয়া উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা